

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 12 April, 2025

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বন্ধু ও তাঁর বিশেষ দূত স্টিভ উইটকফ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করেছেন। সেন্ট পিটার্সবার্গের প্রেসিডেনশিয়াল লাইব্রেরিতে পুতিনের সঙ্গে এই বৈঠক অনুষ্ঠিত হয়। রুশ রাষ্ট্র পরিচালিত সংবাদমাধ্যমগুলোর খবর বৈঠক সাড়ে চার ঘণ্টা ধরে চলেছে।

পুতিন-উইটকফের বৈঠক এমন এক সময়ে অনুষ্ঠিত হলো যখন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প বেশ জোরেশোরেই ইউক্রেন যুদ্ধ শেষ করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এর আগে ট্রাম্প রুশ প্রেসিডেন্ট পুতিনকে ইউক্রেনের সঙ্গে দেশটির ‘অর্থহীন যুদ্ধ’ দ্রুত শেষ করার জন্য তাগিদ দেন।

বৈঠক শেষে ক্রেমলিন জানায়, বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে এবং ‘ইউক্রেন সংকট মীমাংসার বিভিন্ন দিক’ নিয়ে আলোচনা হয়েছে। তবে বিস্তারিত কিছু জানায়নি। এর আগে ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ বলেছিলেন, তিনি এই আলোচনা থেকে ‘যুগান্তকারী’ কোনো কূটনৈতিক সিদ্ধান্ত আশা করছেন না। উল্লেখ্য, ফেব্রুয়ারির পর পুতিনের সঙ্গে উইটকফের এটি তৃতীয় বৈঠক। পুতিন ও ট্রাম্পের সম্ভাব্য বৈঠক নিয়ে আলোচনা হবে কি না—এমন প্রশ্নের জবাবে তিনি ‘হয়তো’ বলেন।

সর্বশেষ বৈঠকের পর উইটকফ পুতিনকে ‘মহান নেতা’ এবং ‘খারাপ লোক নন’ বলে অভিহিত করেন। পুতিনের প্রতি মার্কিন দূতের এই প্রশংসা ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে ক্ষমতা গ্রহণের পর ক্রেমলিনের সঙ্গে ওয়াশিংটনের সম্পর্কের ক্ষেত্রে নাটকীয় পরিবর্তনের ইঙ্গিত দেয়।

এর আগে শুক্রবার, রাষ্ট্রায়ত্ত্ব বার্তা সংস্থা তাস জানায় উইটকফ সেন্ট পিটার্সবার্গের গ্র্যান্ড ইউরোপ হোটеле রাশিয়ান ডাইরেক্ট ইনভেস্টমেন্ট ফান্ডের প্রধান কিরিল দিমিত্রিয়েভের সঙ্গে বৈঠক করেছেন। দিমিত্রিয়েভ পুতিনের অর্থনৈতিক দূত হিসেবেও দায়িত্ব পালন করেন।

এদিকে, হোয়াইট হাউসের মুখপাত্র ক্যারোলিন লেভিট গতকাল শুক্রবার জানিয়েছেন, ইউক্রেনে যুদ্ধবিরতি এবং চূড়ান্ত শান্তি চুক্তি প্রতিষ্ঠা আলোচনার বৃহত্তর প্রচেষ্টার অংশ হিসেবে রাশিয়ার সঙ্গে সরাসরি মার্কিন যোগাযোগ সহজতর করার লক্ষ্য নিয়ে স্টিভ উইটকফ রাশিয়া সফর করেছেন।

ট্রাম্পের ঘনিষ্ঠ ও আস্থাভাজন উইটকফকে রাশিয়ার সঙ্গে সম্পর্ক মেরামতের প্রচেষ্টায় বিশেষ দূত হিসেবে নিয়োগ করা হয়েছে। সাংবাদিকদের লেভিট বলেন, ‘আমি নিশ্চিত করতে পারি যে, উইটকফ ক্রেমলিন এবং ভ্লাদিমির পুতিনের সঙ্গে সরাসরি যোগাযোগের জন্য রাশিয়ায় রয়েছেন।

লেভিট আরও বলেন, ‘রাশিয়া ও ইউক্রেনের মধ্যে যুদ্ধবিরতি এবং চূড়ান্ত শান্তি চুক্তির দিকে এটি আলোচনার প্রক্রিয়ার আরেকটি ধাপ। তবে তিনি বিস্তারিত কিছু জানাতে অস্বীকার করেন। তিনি বলেন, ‘যেহেতু আলোচনা চলছে, তাই আমি স্পষ্টতই প্রেসিডেন্ট বা তার টিমের আনুষ্ঠানিক ভাষ্যের আগে কিছু বলব না।

শুক্রবার বৈঠকের আগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ বলেন, আলোচনার সময়কাল নমনীয় হবে

এবং ‘এক, দুই, তিন বা চার ঘণ্টা—যতক্ষণ প্রেসিডেন্ট পুতিন চান’ ততক্ষণ চলতে পারে।

যুদ্ধ মস্কো রাশিয়া ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্র ভ্লাদিমির পুতিন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 23:08

URL: <https://www.timestodaybd.com/international/814807657>